২৩ MAY 2017
২৭ ৫

# বিভিন্ন দাবিতে তিন শিক্ষক সংগঠন মাঠে

**যুগান্তর রিপোর্ট**

বিভিন্ন দাবিতে তিনটি শিক্ষক সংগঠন সোমবার রাজধানীতে পৃথক কর্মসূচি পালন করেছে। এর মধ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের দুটি শিক্ষক সংগঠন পাঁচ দফা দাবিতে মানববন্ধন ও সংবাদ সম্মেলন করে। আরেকটি সংগঠন সংবাদ সম্মেলনে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের দাবি জানিয়েছে। জাতীয় প্রেস ক্লাবের সামনে বিভিন্ন জেলা থেকে আসা শিক্ষক ও কর্মচারীদের নিয়ে মানববন্ধন করা হয়। স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) বেসরকারি শিক্ষকদের বৈশাখী ভাতা, ৫ শতাংশ বেতন বৃদ্ধি, পূর্ণাঙ্গ উৎসব ভাতা, আইসিটি শিক্ষক ও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা এবং শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে এ কর্মসূচি পালন করে। এতে পরিষদের সাধারণ সম্পাদক অধ্যক্ষ শাহজাহান আলম সাজু বলেন, শিক্ষকদের মানুষ গড়ার হাতিয়ার বলা হলেও তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। অপরদিকে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ৫ শতাংশ বেতন বৃদ্ধি, বৈশাখী ভাতা, পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও বাড়ি ভাড়া প্রদানসহ শিক্ষা জাতীয়করণের লক্ষ্যে প্রথম ধাপে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির ভিআইপি হলে এক সংবাদ সম্মেলনে বিভিন্ন কর্মসূচিও ঘোষণা করা হয়। এতে লিখিত বক্তব্য উপস্থাপন করেন সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিক। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. আবুল কাশেম, সহ-সভাপতি রঞ্জিত কুমার সাহা, অধ্যক্ষ মো. বজলুর রহমান মিয়া, আলী আসগর হাওলাদার, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. কাওছার আলী শেখ প্রমুখ।

**প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ দাবি :** জাতীয়করণ থেকে বাদ পড়া সারা দেশের বেসরকারি প্রাথমিক স্কুলগুলো জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি। সোমবার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের তৃতীয় তলায় এক সংবাদ সম্মেলনে সংগঠনের শিক্ষক নেতারা এ দাবি জানান। এ সময় সারা দেশ থেকে আসা শিক্ষকরা উপস্থিত ছিলেন।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর